

🗏 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪: ২৮

া আরবি মূল আয়াত:

فَإِن لَّم تَجِدُوا فِيهَا آحَدًا فَلَا تَدخُلُوهَا حَتّٰى يُؤذَنَ لَكُم وَ إِن قِيلَ لَكُمُ اللَّهُ بِمَا تَعمَلُونَ عَلِيمٌ ﴿٢٨﴾ ارجِعُوا هُوَ ازكٰى لَكُم اللهُ بِمَا تَعمَلُونَ عَلِيمٌ ﴿٢٨﴾

অতঃপর যদি তোমরা সেখানে কাউকে না পাও তাহলে তোমাদেরকে অনুমতি না দেয়া পর্যন্ত তোমরা সেখানে প্রবেশ করো না। আর যদি তোমাদেরকে বলা হয়, 'ফিরে যাও' তাহলে ফিরে যাবে। এটাই তোমাদের জন্য অধিক পরিত্র। তোমরা যা কর আল্লাহ সে বিষয়ে সম্যুক অবগত। — আল-বায়ান

সেখানে যদি তোমরা কাউকে না পাও, তাহলে তাতে প্রবেশ করবে না, যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয়। আর যদি তোমাদেরকে বলা হয়, 'ফিরে যাও, তাহলে ফিরে যাবে, এটাই তোমাদের জন্য বেশি পবিত্র'। তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ সবচেয়ে বেশি অবগত। — তাইসিক্রল

যদি তোমরা গৃহে কেহকে না পাও তাহলে তাতে প্রবেশ করবে না যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয়। যদি তোমাদেরকে বলা হয় ফিরে যাও, তাহলে তোমরা ফিরে যাবে, এটাই তোমাদের জন্য উত্তম এবং তোমরা যা কর সেই সম্বন্ধে আল্লাহ সবিশেষ অবহিত। — মুজিবুর রহমান

And if you do not find anyone therein, do not enter them until permission has been given you. And if it is said to you, "Go back," then go back; it is purer for you. And Allah is Knowing of what you do. — Sahih International

২৮. যদি তোমরা ঘরে কাউকেও না পাও তাহলে সেখানে প্রবেশ করবে না যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয়।(১) যদি তোমাদেরকে বলা হয়, 'ফিরে যাও', তবে তোমরা ফিরে যাবে, এটাই তোমাদের জন্য অধিক পবিত্র।(২) আর তোমরা যা কর সে সম্বন্ধে আল্লাহ সবিশেষ অবগত।

- (১) অর্থাৎ কারোর শূন্য গৃহে প্রবেশ করা জায়েয় নয়। তবে যদি গৃহকর্তা নিজেই প্রবেশকারীকে তার খালি ঘরে প্রবেশ করার অনুমতি দিয়ে থাকে, তাহলে প্রবেশ করতে পারে। [ফাতহুল কাদীর]
- (২) অর্থাৎ যদি আপাততঃ ফিরে যেতে বলা হয়, তখন হুষ্টুচিত্তে ফিরে আসা উচিত। একে খারাপ মনে করা অথবা সেখানেই অটল হয়ে বসে থাকা উভয়ই অসঙ্গত। [দেখুন: বাগভী, মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া



(২৮) যদি তোমরা গৃহে কাউকেও না পাও, তাহলে তোমাদেরকে যতক্ষণ না অনুমতি দেওয়া হয়, ততক্ষণ ওতে প্রবেশ করবে না। যদি তোমাদেরকে বলা হয়, 'ফিরে যাও' তবে তোমরা ফিরে যাবে; এটিই তোমাদের জন্য উত্তম। আর তোমরা যা কর, সে সম্বন্ধে আল্লাহ সবিশেষ অবহিত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2819

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন